দৈনিক বাংলা

তারিখ 27 APR 1997
পৃষ্ঠা ৮ কলাম ২

০৭

# বেসরকারী শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট ফের চালুর সিদ্ধান্ত অভিনন্দিত

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্রিক বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ শনিবার পৃথক পৃথক বিবৃতিতে 'বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট পুনরায় চালু' করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। তারা বলেছেন, দীর্ঘ ৭ বছর বন্ধ থাকার পর ট্রাস্টটি পুনরায় চালু করার সিদ্ধান্ত একটি যুগান্তকারী পদক্ষেপ।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যাপক আলী আকবর খান ও মহাসচিব অধ্যাপক শাহজাহান মিয়াসহ নেতৃবৃন্দ বিবৃতিতে বলেন, ডঃ কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের রিপোর্টের আলোকে মরহুম প্রিন্সিপাল এ কে এম শহীদুল্লাহর অক্লান্ত পরিশ্রমে ট্রাস্টটি গঠিত হয়েছিল। কিন্তু দীর্ঘ ৭ বছর এই ট্রাস্টের কার্যক্রম বন্ধ ছিল। ট্রাস্টটি পুনরায় চালু করায় নেতৃবৃন্দ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদিককে অভিনন্দন জানান।

বাংলাদেশ শিক্ষা কর্মচারী ফেডারেশনের সভাপতি রফিকুল ইসলাম মন্টু ও মহাসচিব এম এস হাসানসহ অন্যান্য নেতৃবৃন্দ বিবৃতিতে বলেন, ট্রাস্টটি চালু করায় দেশের বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার লক্ষাধিক ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী উপকৃত হবে। নেতৃবৃন্দ অবিলম্বে সংশ্লিষ্টরা সকলের সমন্বয়ে একটি ট্রাস্টি বোর্ড গঠনের দাবী জানান।

বাংলাদেশ কলেজ কর্মচারী ইউনিয়নের সভাপতি রফিকুল ইসলাম মন্টু ও সাধারণ সম্পাদক আবদুল লতিফসহ অন্যান্য নেতৃবৃন্দ বিবৃতিতে এই সিদ্ধান্তের জন্য প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানান।